দৈনিক ইনকিলাব

তারিখ ... 15 MAR ১৯৯৬

পৃষ্ঠা ৬ কলাম ৫

# ইসলামিক ফাউন্ডেশনের ঈদ পুনর্মিলনী ও মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান

গত সোমবার ইসলামিক ফাউন্ডেশন ঢাকা বিভাগীয় কার্যালয় মিলনায়তনে ঈদ পুনর্মিলনী যাকাত ফান্ড থেকে মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি ও দুঃস্থ মহিলাদের মধ্যে অর্থ প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশের মহাপরিচালক সৈয়দ আশরাফ আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাতীয় অধ্যাপক দেওয়ান মোহাম্মদ আজরফ। খোশ আমদেদ জ্ঞাপন করেন ইসলামিক ফাউন্ডেশন ঢাকা বিভাগীয় কার্যালয়ের পরিচালক অধ্যাপক হাসান আবদুল কাইয়ূম। প্রধান অতিথির ভাষণে অধ্যাপক দেওয়ান মোহাম্মদ আজরফ বলেন, কুরবানীর মহান আদর্শ আত্মত্যাগের মহিমায় ভাস্বর। কুরবানী আমাদেরকে আল্লাহর নৈকট্য লাভের পথ দেখায় ও আল্লাহর গুণে গুণান্বিত হওয়ার তাকিদ দেয়। সৈয়দ আশরাফ আলী যাকাত ফান্ডে বিত্তবানদেরকে যাকাতের অর্থ প্রদানের আহবান জানিয়ে বলেন, এই ফান্ডের অর্থ শরীয়তসম্মত উপায়ে বিতরণ করা হয়। তিনি বলেন, ইসলামই নারী-পুরুষ উভয়কে বিদ্যা অর্জন করার তাকিদ দিয়েছে।

ছাত্র-ছাত্রীদের মধ্যে বৃত্তি ও দুঃস্থ মহিলাদের সাহায্য প্রদান ছাড়াও এই অনুষ্ঠানে নতুন মসজিদ পাঠাগার স্থাপনের লক্ষ্যে ৭০টি মসজিদে বই বিতরণ করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।